দৌলতদিয়া ঘাটে বাস নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে নিহত দুই



ফেরিতে ওঠার সময় বাস পদ্মায়। ছবি: সংগৃহীত

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরীঘাটে বিকেল ৫টার দিকে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায় ‘সৌহার্দ্য পরিবহন’ নামের একটি যাত্রীবাহী বাস। ঘটনাটি ঘটে ৩নং পন্টুন এলাকায়। দুই জনের মরদেহ ইতিমধ্যেই উদ্ধার করেছে ফায়ার সার্ভিসের ডুবরি দল।

বিআইডব্লিউটিসির দৌলতদিয়া ঘাট শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সালাউদ্দিন বিষয়টি নিশ্চিত করে জানান, বাসটিতে প্রায় ৫০ জন যাত্রী ছিলেন। তাদের মধ্যে ১৭ জনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে। বাকি যাত্রীদের উদ্ধারে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। উদ্ধার কাজে সহায়তার জন্য ঢাকা ও ফরিদপুর থেকে আরও দুটি ইউনিট ঘটনাস্থলে পাঠানো হচ্ছে।

LENS ASIA